40

দৈনিক সংবাদ

তারিখ 04 DEC 1998
পৃষ্ঠা ১ কলাম ৩

# বৃত্তি পরীক্ষার নয়া প্রশ্ন ছাপানো হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

নতুন করে প্রশ্নপত্র ছাপিয়ে প্রাথমিক বৃত্তি পরীক্ষা নেয়া হবে। যেসব প্রশ্নপত্র ইতোমধ্যে জেলায় জেলায় বিতরণ করা হয়েছে তা তুলে প্রত্যাহারের ব্যবস্থা করেছে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর।

এ বছর প্রায় সাড়ে ৩ লাখ ছাত্রছাত্রী প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশ নেবে। প্রশ্নপত্রের প্যাকেট জটিলতার কারণে

নয়া ঃ পৃঃ ১১ কঃ ৩

## নয়া ঃ প্রশ্ন ছাপানো হবে

( ১ম পৃষ্ঠার পর )

চলতি মাস থেকে পরীক্ষা জানুয়ারি মাসে নিয়ে যাওয়ার ঘোষণা দেয়া হয়।

প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ডঃ ফজলুল করিম চৌধুরী গতকাল রাতে সংবাদকে বলেন, ভয়ের কোন কারণ নেই। নতুন প্রশ্নপত্র ছাপাতে সময় লাগে মাত্র ১০ দিন। আমাদের হাতে এখনো অনেক সময় রয়েছে। তিনি বলেন, কিছু কিছু প্রশ্নপত্রের প্যাকেটে কোড নম্বর না পড়ায় এই জটিলতার সৃষ্টি হয়েছে।

এই ঘটনা ঘটেছে বিজি প্রেসের অসতর্কতা থেকে। তারা কয়েকটি জোনে প্রশ্নপত্র পাঠায় প্যাকেটে কোড নম্বর ছাড়াই। জেলায় জেলায় এই প্রশ্নপত্রের প্যাকেট বিতরণ করার সময় বিষয়টি ধরা পড়ে। ৬৪টি জেলায় প্রশ্নপত্র বিতরণের জন্যে ১০টি জোনে পাঠানো হয়েছিল ২ সেট করে প্রশ্নপত্র; কিন্তু কয়েকটি জোনে প্রশ্নপত্রের প্যাকেটে কোড নম্বর না থাকায় 'ক' ও 'খ' এই দুই সেট প্রশ্ন শনাক্ত করা সম্ভব হচ্ছিল না। পরীক্ষা পিছিয়ে এটি দেয়ার একটি বড় কারণ।